অধ্যক্ষের কার্যালয়
চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।

বিজ্ঞপ্তি নং-২১৩ তারিখ: ০৪/১১/২০২৫ খ্রি.

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন চাঁদপুর সরকারি কলেজে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ ডিগ্রি (পাস) কোর্সে ১ম মেধা তালিকায় ভর্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীদের ভর্তির সময়সূচি, ফিসের হিসাব, ফি জমাদান ও অন্যান্য নিয়মাবলি নিম্নে দেওয়া হলো। উল্লেখ্য যে, ভর্তি সংক্রান্ত কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে।

| | |
|---|---|
| অনলাইনে ভর্তির ফরম পূরণ ও প্রিন্ট কপি সংগ্রহের নিয়মাবলি | ডিগ্রি (পাস) কোর্সে ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তির জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশনে Degree Pass Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন নম্বর এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে ০৪/১১/২০২৫ তারিখ হতে ১৬/১১/২০২৫ তারিখের মধ্যে প্রিন্ট কপি নিতে হবে। উল্লেখ্য যে, ১৬/১১/২০২৫ তারিখের পর ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোনো শিক্ষার্থী ভর্তি ফরম উত্তোলন করতে পারবে না। |
| ভর্তির ফি প্রদানের নিয়মাবলি | ডিগ্রি (পাস) কোর্সে ভর্তির জন্য ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীগণ (https://chandpurcollege.eshiksaems.com/) লিংকে গিয়ে User ID- cgcstudent এবং Password- cgcstudent দিয়ে admission বাটনে ক্লিক করে Click New Admission অপশনে গিয়ে গ্রুপ (ডিগ্রি), নির্বাচিত কোর্স, ভর্তি আবেদনের রোল দিয়ে Check For Admission এ ক্লিক করলে যে ফরমটি দেখা যাবে তা গুচ্ছ অনুযায়ী বিষয় পূরণপূর্বক Submit করে প্রিন্ট নিতে হবে। Submit করার পর সেলফিন/বিকাশ/নগদ/উপায় অ্যাপস্ এ প্রবেশ করে Education Fee (এডুকেশন ফি)/ পে-বিল অপশনে চাঁদপুর সরকারি কলেজ Select করে Student ID স্থলে ভর্তি আবেদনের রোল নম্বর লিখে ০৫/১১/২০২৫ তারিখ হতে ১৬/১১/২০২৫ তারিখের মধ্যে পেমেন্ট সম্পন্ন করতে হবে। |
| ভর্তি ফি | ক) বিএ/বিএসএস (ভূগোল ছাড়া)- ৩৬৯৫/- খ) বিএ/বিএসএস (ভূগোলসহ)- ৩৮২০/-<br>গ) বিবিএস (পাস)- ৩৬৯৫/- ঘ) বি.এসসি (পাস)- ৩৮২০/- |
| ভর্তির ফরম জমা দেওয়ার নিয়মাবলি | মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি পরিশোধের পর জাতীয় বিশ্ববিদ্যালয় ও chandpurcollege.eshiksaems.com হতে ডাউনলোডকৃত ভর্তির ফরম দুইটি, এসএসসি ও এইচএসসি পরীক্ষার নম্বরপত্রের ফটোকপি, সেলফিন/বিকাশ/নগদ/উপায় অ্যাপস্-এ ফি পরিশোধের পেমেন্ট কপি কলেজ অফিসে জমা দিতে হবে। সংশ্লিষ্ট কাগজপত্রসহ ভর্তি ফরম কলেজ অফিসে জমা না দিলে ভর্তি সংক্রান্ত জটিলতার জন্য সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রী দায়ী থাকবে। |
| ভর্তির ফরম কলেজ অফিসে জমা দেওয়ার তারিখ | ০৬/১১/২০২৫ তারিখ হতে ১৬/১১/২০২৫ তারিখ পর্যন্ত।<br>সকাল: ১০:০০টা হতে দুপুর: ১২:০০টা পর্যন্ত। (সরকারি ছুটির দিন ব্যাতিত) |

অন্যান্য নিয়মাবলি:

১। দ্বৈত ভর্তি সম্পর্কে জরুরী নির্দেশনা: ডিগ্রি (পাস)-১ম বর্ষ কোর্সে ১ম মেধা তালিকায় ভর্তির জন্য নির্বাচিত কোন ছাত্র-ছাত্রী পূর্ববর্তী শিক্ষাবর্ষে স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট অথবা স্নাতক (সম্মান) শ্রেণিতে বর্তমানে অধ্যয়নরত থাকলে তাকে অবশ্যই ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ডিগ্রি (পাস) ১ম বর্ষে ভর্তি হওয়ার পূর্বেই পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করতে হবে। অন্যথায় একই অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে দ্বৈত ভর্তিজনিত কারণে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

২। ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ডিগ্রি (পাস)-১ম বর্ষের নিয়মিত কোর্সের ক্লাস আগামী ২০/১১/২০২৫ তারিখ রোজ বৃহস্পতিবার হতে শুরু হবে।

| ভর্তিচ্ছুক কোর্সসমূহ | আবশ্যিক বিষয়সমূহ | নৈর্বাচনিক বিষয়সমূহ |
|---|---|---|
| ক) বি এ (পাস) | ১. স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (১মবর্ষে)<br>২. জাতীয় ভাষা বাংলা(২য় বর্ষে)<br>৩. ইংরেজি (৩য় বর্ষে) | নিম্নের প্রদত্ত গুচ্ছসমূহের যে কোন তিনটি গুচ্ছ থেকে একটি করে মোট ০৩ (তিনটি) বিষয় নির্বাচন করতে হবে। কোন গুচ্ছ থেকে একাধিক বিষয় নেয়া যাবে না।<br>ক গুচ্ছ ঃ ইতিহাস/ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি।<br>খ গুচ্ছ ঃ দর্শন/ভূগোল ও পরিবেশ।<br>গ গুচ্ছ ঃ রাষ্ট্রবিজ্ঞান/ সমাজকর্ম/অর্থনীতি।<br>ঘ গুচ্ছ ঃ ইসলাম শিক্ষা। |
| খ) বি এস এস (পাস) | ১. স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (১ম বর্ষে)<br>২. জাতীয় ভাষা বাংলা(২য় বর্ষে)<br>৩. ইংরেজি (৩য় বর্ষে) | ক গুচ্ছ থেকে ০২ (দুই) টি এবং খ গুচ্ছ থেকে ০১ (এক) টিসহ মোট ০৩ (তিনটি) বিষয় নির্বাচন করতে হবে।<br>ক গুচ্ছ ঃ রাষ্ট্রবিজ্ঞান/অর্থনীতি এবং সমাজকর্ম।<br>খ গুচ্ছ ঃ ইতিহাস/ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ ইসলাম শিক্ষা/ ভূগোল ও পরিবেশ/ দর্শন। |
| গ) বি এসসি (পাস) | ১. স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (১ম বর্ষে)<br>২. জাতীয় ভাষা বাংলা(২য় বর্ষে)<br>৩. ইংরেজি (৩য় বর্ষে) | ক গুচ্ছ থেকে ০২ (দুই)টিসহ খ গুচ্ছ থেকে ০১(এক)টি অথবা গ গুচ্ছ থেকে ০২(দুই)টিসহ ঘ গুচ্ছ থেকে একটি মোট তিনটি বিষয় নির্বাচন করতে হবে। নির্বাচিত বিষয়সমূহ উচ্চ মাধ্যমিক/ সমমানের পরীক্ষায় গঠিত হিসাবে থাকতে হবে। তবে ভূগোল ও পরিবেশ বিষয়ের ক্ষেত্রে শর্তটি শিথিলযোগ্য।<br>ক গুচ্ছ ঃ পদার্থবিদ্যা ও গণিত।<br>খ গুচ্ছ ঃ রসায়নবিদ্যা/ উদ্ভিদবিদ্যা/ প্রাণিবিদ্যা/ ভূগোল ও পরিবেশ।<br>গ গুচ্ছ ঃ উদ্ভিদবিদ্যা ও প্রাণিবিদ্যা।<br>ঘ গুচ্ছ ঃ পদার্থবিদ্যা/ রসায়নবিদ্যা/ গণিত/ ভূগোল ও পরিবেশ। |
| ক) বি বি এস(পাস) | ১. স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস(১ম বর্ষে)<br>২. জাতীয় ভাষা বাংলা(২য় বর্ষে)<br>৩. ইংরেজি (৩য় বর্ষে) | ক গুচ্ছ ঃ বিষয়সমূহ – অর্থনীতি, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা। |

উল্লেখ্য যে, ভর্তি ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের গুচ্ছ মোতাবেক সঠিকভাবে বিষয় নির্বাচন করতে হবে। অন্যথায় গুচ্ছ গরমিলের কারণে রেজিস্ট্রেশন সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

বি.দ্র. সংশ্লিষ্ট সকলকে স্বাস্থ্যবিধি মেনে-এ ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৪/১১/২৫
(প্রফেসর এ.কে.এম আবদুল মান্নান)
প্রফেসর এ.কে.এম আবদুল মান্নান
অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।
০৪/১১/২৫

অনুলিপি :
১। উপাধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।
২। আহ্বায়ক, ডিগ্রি (পাস)-১ম বর্ষ ভর্তি কমিটি ২০২৪-২০২৫, চাঁ.স.ক।
৩। সম্পাদক, শিক্ষক পরিষদ, চাঁ.স.ক।
৪। কলেজ ওয়েব সাইট: www.chandpurcollege.edu.bd
৫। অফিস নথি।

CS CamScanner